# 2020/TDC(CBCS)/ODD/SEM/ BNGHCC–501T/368

**TDC (CBCS) Odd Semester Exam., 2020**
**held in March, 2021**

## BENGALI

**( 5th Semester )**

Course No. : BNGHCC–501T

**( বিশ শতকের বাংলা সাহিত্য—২ )**

*পূর্ণমান* : ৭০

*উত্তীর্ণমান* : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

## SECTION—A

১। যে কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

(ক) বিষ্ণু দে-র কবিতায় কোন্ পাশ্চাত্য কবির প্রভাব পড়েছে? 'ঘোড়সওয়ার' কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত? ১+১=২

(খ) সুভাষ মুখোপাধ্যায়ের প্রথম কাব্যগ্রন্থটির নাম কী এবং এর প্রকাশকাল কত? ১+১=২

(গ) শক্তি চট্টোপাধ্যায়ের দুটি কাব্যগ্রন্থের নাম লেখো। ২

(ঘ) শূন্যস্থান পূর্ণ করো : ২

"স্বপ্ন নয়, কোন এক ______ কাজ করে!
______ নয়—শান্তি নয়—ভালোবাসা নয়।"



WWW.SRCOLLEGE.AC.IN

(ঙ) ‘অশনি-সংকেত’ উপন্যাসটির প্রকাশকাল এবং কোন্ পত্রিকায় তা প্রথম প্রকাশিত হয়েছে, লেখো। ১+১=২

(চ) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের লেখা তোমাদের পাঠ্য উপন্যাস ছাড়া অন্য দুটি উপন্যাসের নাম লেখো। ২

(ছ) অনঙ্গ-বৌয়ের ছেলে দুটির নাম লেখো। ২

(জ) “দূর! রেখে দাও ওদের সব গাঁজাখুরি কথা। চাল পাওয়া যাবে না, নুন পাওয়া যাবে না. তবে দুনিয়া পৃথিমে লোক বাঁচতে পারে কক্‌খনো?” কে, কাকে এই উক্তি করেছে? ১+১=২

(ঝ) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের প্রথম উপন্যাসের নাম কী? তাঁর স্বদেশচেতনামূলক একটি উপন্যাসের নাম লেখো। ১+১=২

(ঞ) নিতাই কোন্ বংশের ছেলে ছিল? কে তাকে ‘জাত-বংশ’ তুলে তীক্ষ্ণতম ব্যঙ্গের আঘাতে বিদ্ধ করেছে? ১+১=২

(ট) কোন্ রেলস্টেশনে, কোন্ নাচের দলের সঙ্গে কবির সম্পর্ক ঘটেছিল? ১+১=২

(ঠ) “চাঁদ তুমি আকাশে থাক আমি তোমায় দেখব খালি।” কাকে লক্ষ্য করে, কে এই গানটি গেয়েছিল? ১+১=২

(ড) ‘সাজানো বাগান’ নাটকটি কত খ্রিস্টাব্দে, কোথায় প্রথম অভিনীত হয়েছিল? ১+১=২

(ঢ) মনোজ মিত্রের লেখা তোমাদের পাঠ্য নাটক ছাড়া অন্য দুটি পূর্ণাঙ্গ নাটকের নাম লেখো। ২



WWW.SRCOLLEGE.AC.IN

(ণ) "এ শালার বগলে বৌ ... ও শালার বগলে নারকেল! ... দুই গুয়োর ব্যাটায় মিলে এই সন্ঝেবেলা আমাকে কি দোটানায় ফেলল রে!" কার উক্তি? এখানে 'বৌ' বলতে কাকে বোঝানো হয়েছে? ১+১=২

(ত) "এখনও বাগান সাজাচ্ছো! গাছ পুঁতছো! ও গাছের ফল খাবে কে?" কে, কাকে এই কথা বলেছিল? ১+১=২

(থ) মহাশ্বেতা দেবী সাহিত্য জগতে কোন্ ছদ্মনামে আত্মপ্রকাশ করেন? তাঁর সম্পাদিত পত্রিকাটির নাম কী? ১+১=২

(দ) মহাশ্বেতা দেবীর 'ভাত' গল্পটি কোন্ পত্রিকায়, কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়? ১+১=২

(ধ) 'সংরক্ষণ' গল্পে কোন্ গাছের গন্ধে যূথপতি আক্রোশে উন্মাদ হয়ে যায়? এই গল্পে কোন্ উপজাতির কথা উল্লিখিত হয়েছে? ১+১=২

(ন) "কঙ্কালের গলা থেকে অতি যত্নে ও রূপোর হারটা খুলল।" এই কঙ্কালের পরিচয় কী? কোন্ স্যাকরা এই হারটি গড়েছিল? ১+১=২

## SECTION—B

যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ১০×৫=৫০

২। " 'ঘোড়সওয়ার' কবিতাটিতে রয়েছে 'বিদ্রোহ-প্রেম-প্রত্যাশা'র বহুমাত্রিক ব্যঞ্জনা।" আলোচনা করো।

৩। "সকল লোকের মাঝে ব'সে
আমার নিজের মুদ্রাদোষে
আমি একা হতেছি আলাদা?"

যুগের সংশয়ী মানবাত্মার একাকিত্ব থাকার যন্ত্রণা জীবনানন্দের 'বোধ' কবিতা অবলম্বনে আলোচনা করো।



WWW.SRCOLLEGE.AC.IN

৪। মন্বন্তরের যে নির্মম বাস্তবচিত্র 'অশনি-সংকেত' উপন্যাসে আলোকচিত্রের মতো ফুটে উঠেছে তা তোমার নিজের ভাষায় বিবৃত করো।

৫। 'অশনি-সংকেত' উপন্যাসের নামকরণের সার্থকতা যুক্তি সহকারে বিচার করো।

৬। "অন্ত্যজ শ্রেণির নিতাইয়ের কবি হয়ে ওঠার কাহিনিই তারাশঙ্করের 'কবি' উপন্যাসের মূল বিষয়বস্তু।" আলোচনা করো।

৭। 'কবি' উপন্যাসে ব্রাত্য জীবনের যে ছবি ফুটে উঠেছে তার পরিচয় দাও।

৮। 'সাজানো বাগান' নাটকের বাঞ্ছারাম চরিত্রটি নাট্যগুণ-সমন্বিত চরিত্র কিনা আলোচনা করে দেখাও।

৯। "'সাজানো বাগান' এমন একটি নাটক যেখানে বক্তব্যের অন্তঃসলিলা স্রোতে ভাসতে ভাসতে দর্শকের মনে অজান্তেই গভীর ভাব প্রোথিত হয়।" 'সাজানো বাগান' নাটক অবলম্বনে সমালোচকের এই বক্তব্য বিশদ করো।

১০। "লছমন সিং ও দুলন গঞ্জু—এই দুটি বিপরীত চরিত্রের দ্বন্দ্ব-সংঘাতকে কেন্দ্র করে 'বিছন' গল্পের কাহিনি গড়ে উঠেছে।" আলোচনা করো।

১১। একদিকে পিতৃত্বের আশা-আকাঙ্ক্ষা, অন্যদিকে রাজনৈতিক চক্রান্তে গড়ে ওঠা বিপন্নতা—এই দুই সম্মিলিত সংঘাতে দশরথের মর্মদাহ 'পিণ্ডদান' গল্প অবলম্বনে আলোচনা করো।

★★★

(গ) 'গুড়' নামক পণ্যের উল্লেখ পাওয়া যায় এমন একটি প্রাচীন গ্রন্থের নাম লেখো। এই পণ্য থেকে পরবর্তীকালে কোন্ জনপদের নাম হয়েছে?

(ঘ) পাল সাম্রাজ্যের প্রথম রাজা কে ছিলেন? তিনি কাদের দ্বারা নির্বাচিত হয়েছিলেন?

(ঙ) তুর্কি আক্রমণ কত সালে সংঘটিত হয়েছিল? বাংলার কোন্ রাজা তুর্কি আক্রমণে রাজ্য হারিয়েছিলেন?

(চ) শ্রীশ্রী চৈতন্যদেবের আবির্ভাব ও তিরোভাবের খ্রিস্টাব্দ উল্লেখ করো।

(ছ) যে-কোন দুজন পূর্ববঙ্গীয় ধারার 'মনসামঙ্গল'-এর কবির নাম লেখো।

(জ) 'ধর্মমঙ্গল' কাব্যকে কোথাকার জাতীয় কাব্য হিসেবে মান্যতা দেওয়া হয়? এই ধারার যে-কোন একজন কবির নাম লেখো।

(ঝ) হেনরী ভিভিয়ান ডিরোজিও কে ছিলেন? তিনি কোন্ কলেজে শিক্ষকতা করতেন?

(ঞ) কত খ্রিস্টাব্দে এবং কোথায় হিন্দু কলেজ স্থাপিত হয়েছিল?

(ট) ডেভিড হেয়ার কে ছিলেন? তিনি কোন্ দেশে জন্মগ্রহণ করেছিলেন?

(ঠ) ইয়ংবেঙ্গল গোষ্ঠীর যে-কোন দুজন পুরোধা ব্যক্তিত্বের নাম লেখো।

(ড) কে 'বঙ্গভঙ্গ' প্রস্তাবটি করেছিলেন? কত সালে এই প্রস্তাবটি কার্যকরী হয়েছিল?



WWW.SRCOLLEGE.AC.IN

(ঢ) বাংলা সাহিত্যে বঙ্গভঙ্গের প্রতিক্রিয়াস্বরূপ রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা একটি উপন্যাসের নাম লেখো। উপন্যাসটির প্রকাশকাল নির্দেশ করো।

(ণ) বঙ্গভঙ্গের প্রতিবাদস্বরূপ হিন্দু-মুসলিম ঐক্য অটুট রাখতে রবীন্দ্রনাথ ঠাকুরের প্রস্তাব অনুযায়ী কোন্ উৎসবটির আয়োজন করা হয়? উৎসবটি অনশনরত অসংখ্য মানুষেরা কীভাবে পালন করেছিলেন?

(ত) 'বাংলার মাটি বাংলার জল' গানটির রচয়িতা কে? কোন্ ঘটনার প্রতিক্রিয়ায় এই গানটি রচিত হয়েছিল?

(থ) প্রথম বিশ্বযুদ্ধ পরবর্তীকালে রচিত কবি নজরুলের দুটি কাব্যগ্রন্থের নাম লেখো।

(দ) মাণিক বন্দ্যোপাধ্যায়ের লেখা প্রথম বিশ্বযুদ্ধ পরবর্তী দুটি উপন্যাসের নাম লেখো।

(ধ) প্রথম বিশ্বযুদ্ধ কত সালে আরম্ভ হয়েছিল? এই বিশ্বযুদ্ধের সমাপ্তি কত সালে হয়?

(ন) দুই বিশ্বযুদ্ধের মধ্যবর্তীকালে রচিত যে-কোন দুটি নাটকের নাম লেখো।

## SECTION—B

যে-কোন **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ১০×৫=৫০

২। 'গৌড়' ও 'বঙ্গ' নামকরণের মাধ্যমে যে কৌতূহলোদ্দীপক ইতিহাস আছে সে সম্পর্কে আলোচনা করো।

৩। বাংলা সাহিত্যের প্রাচীনতম পুঁথিটির অনুসরণে তৎকালীন বাঙালির সমাজ-জীবনের পরিচয় দাও।



WWW.SRCOLLEGE.AC.IN

৪। বাংলার সামাজিক ইতিহাসে তুর্কী আক্রমণের প্রভাব সম্পর্কে নাতিদীর্ঘ আলোচনা করো।

৫। বাংলার সমাজ ও সাহিত্যে শ্রীচৈতন্যদেবের মানবিক মহিমার অবদান সম্পর্কে আলোচনা করো।

৬। সমাজসংস্কার আন্দোলনে রাজা রামমোহন রায় অথবা ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের অবদান সম্পর্কে আলোচনা করো।

৭। উনিশ শতকের সমাজ-জীবনে ইংরেজী শিক্ষার অভ্যুদয় সম্পর্কে আলোচনা করো।

৮। বঙ্গভঙ্গ আন্দোলনে রবীন্দ্রনাথ ঠাকুরের ভূমিকা সম্পর্কে আলোচনা করো।

৯। বঙ্গভঙ্গ আন্দোলনের প্রতিক্রিয়ায় দেশের মধ্যে সন্ত্রাসবাদী ও দাম্ভিক দেশপ্রেমের যে তামসিক মত্ততা দেখা দিয়েছিল, রবীন্দ্রনাথ ঠাকুর তাঁর উপন্যাসের মধ্যে এই ব্যাপারটিকে কীভাবে তুলে ধরেছেন সে সম্পর্কে আলোচনা করো।

১০। প্রথম বিশ্বযুদ্ধ পরবর্তীকালে লেখা বাংলা কবিতায় কিছু নতুন প্রবণতা বা বিশেষ কিছু বৈশিষ্ট্য দেখা দিয়েছিল, সে সম্পর্কে তৎকালীন সময়ের কবিদের লেখা কবিতাগুলি সম্পর্কে আলোচনা করো।

১১। দুই বিশ্বযুদ্ধের মধ্যবর্তীকালে রচিত বাংলা উপন্যাসে মধ্যবিত্ত মানুষের মনস্তাত্ত্বিক জটিলতার যে ছবিটি ফুটে উঠেছিল, যে কোনো দু'টি উপন্যাস অবলম্বনে তা বুঝিয়ে দাও।

★★★